

## কুমিল্লায় তথ্য-উপাত্ত বিশ্লেষণ বিষয়ে ২ (দুই) দিন ব্যাপী বিজ্ঞানীদের প্রশিক্ষণ অনুষ্ঠিত

গত ২৯ সেপ্টেম্বর ২০২১ খ্রি. তারিখ থেকে আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, কুমিল্লায় তথ্য উপাত্ত বিশ্লেষণ বিষয়ে “Experimental design and statistical analysis using R” শীর্ষক ২ (দুই) দিন ব্যাপী বিজ্ঞানীদের এক প্রশিক্ষণ শুরু হয়েছে। আঞ্চলিক উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র, কুমিল্লাকে, আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্রে উন্নীতকরণ শীর্ষক প্রকল্পের অর্থায়নে প্রশিক্ষণ অনুষ্ঠানের সভাপতিত্ব করেন ড. মো. উবায়দুল্লাহ কায়চার, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ও ভারপ্রাপ্ত কর্মকর্তা, আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, কুমিল্লা। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. মো. মহিউদ্দীন চৌধুরী, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ও ভারপ্রাপ্ত কর্মকর্তা, সরেজমিন গবেষণা বিভাগ, বারি, নোয়াখালী। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. এস. এম. ফয়সল, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ও ভারপ্রাপ্ত কর্মকর্তা, পাহাড়াঞ্চল কৃষি গবেষণা কেন্দ্র, বারি, রামগড়, খাগড়াছড়ি। বিশেষ অতিথি হিসেবে আরও উপস্থিত ছিলেন ড. মো. আলমগীর সিদ্দিকী, প্রকল্প পরিচালক, আঞ্চলিক উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র, কুমিল্লাকে, আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্রে উন্নীতকরণ শীর্ষক প্রকল্প। ড. মো. মুক্তার হোসেন ভূঝগ, উর্বরতন বৈজ্ঞানিক কর্মকর্তা এবং সপ্তগ্রাম অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন ড. মো. আলমগীর সিদ্দিকী, প্রকল্প পরিচালক। অনুষ্ঠানে সিলেট, কুমিল্লা ও চট্টগ্রাম অঞ্চলের বারির বিভিন্ন পর্যায়ের বিজ্ঞানীগণ এবং বিনা, কুমিল্লা কেন্দ্রের বিজ্ঞানীরা প্রশিক্ষণার্থী হিসেবে উপস্থিত ছিলেন। বক্তারা গবেষণা কার্যক্রমের অংশ হিসেবে মানসম্পন্ন তথ্য-উপাত্ত বিশ্লেষণের উপর বিশেষ গুড়োত্তু আরোপসহ এ ধরনের প্রশিক্ষণ আরও বেশি বেশি করার প্রয়োজনীয়তা উল্লেখসহ করেন।